



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
নৌপরিবহন অধিদপ্তর
এফ-১২/সি-১, আগারগাঁও, শেরেবাংলানগর.
ঢাকা-১২০৭



তারিখ: ১২ জানুয়ারি ২০২৫ খ্রি.

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়ঃ “সমন্বিত মেরিন ক্যাডেট ভর্তি পরীক্ষা ২০২৪-২৫” শিক্ষাবর্ষে সরকারি মেরিন একাডেমিসমূহে শূন্য আসনে ভর্তির আগ্রহ প্রকাশ সংক্রান্ত নির্দেশনা।

(ক) “সমন্বিত মেরিন ক্যাডেট ভর্তি পরীক্ষা ২০২৪-২৫” শিক্ষাবর্ষে সরকারি মেরিন একাডেমিসমূহে ভর্তিকৃত প্রার্থীগণ আগামী ১৩ জানুয়ারি ২০২৫ তারিখ রাত ১০:০০ ঘটিকার মধ্যে ওয়েবসাইট (dos.gov.bd or doscadet.solutionart.net) এর মাধ্যমে তার মেধা ও পছন্দের ভিত্তিতে অন্যান্য সরকারি মেরিন একাডেমিসমূহের শূন্য আসনে ভর্তির আগ্রহ প্রকাশ করতে পারবেন।

(খ) ভর্তিকৃত প্রার্থীদের মেধা ও পছন্দের উর্ধ্বক্রম অনুযায়ী সরকারি মেরিন একাডেমিসমূহের শূন্য আসন পূরণ করা হবে। মেধা ও পছন্দের উর্ধ্বক্রম অনুযায়ী প্রার্থী অন্য যে কোন সরকারি মেরিন একাডেমিতে সুযোগ পেলে সেখানে ভর্তি হতে বাধ্য থাকবে। এক্ষেত্রে পূর্বের মেরিন একাডেমিতে ফেরৎ আসার কোন সুযোগ থাকবে না।

(গ) যারা বর্তমান একাডেমিতে প্রশিক্ষণ গ্রহন করতে ইচ্ছুক তাদের অন্য সরকারি মেরিন একাডেমির শূন্য আসনে আগ্রহ প্রকাশ করার প্রয়োজন নাই।

(ক্যাপ্টেন আবু সাঈদ মোহাম্মদ দেলোয়ার রহমান)
নটিক্যাল সার্ভেয়ার এন্ড এক্সামিনার
ও
সদস্য সচিব, সমন্বিত মেরিন ক্যাডেট
ভর্তি পরীক্ষা পরিচালনা কমিটি

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

১) “সমন্বিত মেরিন ক্যাডেট ভর্তি পরীক্ষা ২০২৪-২৫” এর সরকারি মেরিন একাডেমিতে ভর্তিকৃত ক্যাডেটগণ।